রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, এপ্রিল ৩০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৯২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **জাতীয় পর্যটন পরিষদ** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **পরিষদের গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (১২) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১৩) মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৪) মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৫) প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৬) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

১.২। **পরিষদের কার্যপরিধি :**

(১) পর্যটন শিল্পের টেকসই উন্নয়নের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা তদারকি, সমন্বয় ও দিকনির্দেশনা প্রদান;

(২) জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(৩) পর্যটন সংক্রান্ত আইন, অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহণে নীতিগত সিদ্ধান্ত প্রদান;

(৪) দেশের পর্যটন খাতে আর্থিক সক্ষমতা বৃদ্ধি এবং বিদেশী বিনিয়োগকারীদের আকৃষ্টকরণের জন্য কর্মপন্থা নির্ধারণ;

(৫) পর্যটন শিল্প বিকাশ ও উন্নয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর মধ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান;

(৬) সরকারি-বেসরকারি পর্যটন খাতের মধ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান; এবং

(৭) পর্যটন সংক্রান্ত অন্যান্য কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা, অনুমোদন এবং পর্যটন সংশ্লিষ্ট নির্বাচনী প্রতিশ্রুতির বাস্তবায়ন পরিবীক্ষণসহ পর্যটন সংক্রান্ত যে কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত প্রদান।

১.৩। জাতীয় পর্যটন পরিষদের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৪। পরিষদ প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০১.২৪.৩৫ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(লতিফা জান্নাতী)
উপসচিব (কমিটি)
ফোন: ০২-২২৬৬৪১০০৭
e-mail: ca_sec@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd